

# **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১৯৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৬৭. যিনি বলেন, সূর্যগ্রহণের সময় দু' রাক'আত সালাত আদায় করবে

باب مَنْ قَالَ يَرْكَعُ رَكْعَتَيْنِ

### আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادُ، عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللهِ بَنِ عَمْرِهِ، قَالَ انْكَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فَقَامَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَلَمْ يَكَدْ يَرْكَعُ ثُمَّ رَكَعَ فَلَمْ يَكَدْ يَرْفَعُ ثُمَّ رَفَعَ فَلَمْ يَكَدْ يَرْفَعُ ثُمَّ رَفَعَ فَلَمْ يَكَدْ يَسْجُدُ ثُمَّ سَجَدَ فَلَمْ يَكَدْ يَرْفَعُ ثُمَّ رَفَعَ وَفَعَلَ يَسْجُدُ ثُمَّ سَجَدَ فَلَمْ يَكَدْ يَرْفَعُ ثُمَّ رَفَعَ وَفَعَلَ فِي الرَّكْعَةِ الأُخْرَى مِثْلَ ذَلِكَ ثُمَّ نَفَحَ فِي آخِرِ سُجُودِهِ فَقَالَ " أُف أُف " . ثُمَّ قَالَ " رَبِّ فِي الرَّكْعَةِ الأُخْرَى مِثْلَ ذَلِكَ ثُمَّ نَفَحَ فِي آخِرِ سُجُودِهِ فَقَالَ " أُف أُف " . ثُمَّ قَالَ " رَبِّ أَلَمْ تَعِدْنِي أَنْ لَا تُعَذَّبِهُمْ وَهُمْ يَسْتَغْفِرُونَ " . فَفَرَغَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم مِنْ صَلَاتِهِ وَقَدْ أَمْحَصَتِ الشَّمْسُ وَسَاقَ الْحَدِيثَ .

\_ صحيح: لكن بذكر الركوع مرتين كما في الصحيحين

#### বাংলা

১১৯৪। 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুগে সূর্যগ্রহণ হলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে দাঁড়ান। তিনি এত দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকলেন যে, রুকৃতেই যাচ্ছেন না। আতঃপর রুকৃ' করলেন এবং এত দীর্ঘক্ষণ রুকৃ' করলেন যে, মাথা উঠাবেন বলে মনে হলো না, অবশ্য পরে উঠালেন এবং এত দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকলেন যে, সিজদা করার সম্ভাবনাই থাকলো না। অতঃপর সিজদা করলেন এবং এত দীর্ঘক্ষণ সিজদা করলেন যে, মাথা উঠানোর সম্ভাবনাই থাকলো না। অবশ্য পরে মাথা উঠালেন এবং প্রথম সিজদার পর এত দীর্ঘক্ষণ বসে থাকলেন যে, দ্বিতীয় সিজদা করবেন বলে সম্ভাবনা দেখা গেলো না।

অতঃপর সিজদায় গিয়ে এত দীর্ঘক্ষণ সিজদা্ করলেন যে, মাথা উঠাবেন বলে মনে হলো না, অতঃপর উঠালেন এবং দ্বিতীয় রাক'আতেও অনুরূপ করলেন। পরে তিনি সর্বশেষ সাজদার মধ্যে করলেন উহঃ উহঃ শব্দ করলেন



এবং বললেনঃ হে আমার প্রভূ! আপনি কি আমাকে এ প্রতিশ্রুতি দেননি যে, আমার বর্তমানে আপনি তাদেরকে শাস্তি দিবেন না? আপনি কি আমার সাথে ওয়াদা করেননি যে, তারা ক্ষমা চাইতে থাকলে আপনি তাদেরকে শাস্তি দিবেন না? এ বলে তিনি সালাত হতে অবসর হলে সূর্যও গ্রাসমুক্ত হয়ে যায়। আর এভাবেই হাদীস বর্ণিত হয়েছে।[1]

সহীহ : কিন্তু দুই রুকৃ' উল্লেখসহ। যেমনটি বুখারী ও মুসলিমে আছে।

### **English**

Narrated Abdullah ibn Amr ibn al-'As:

There was an eclipse of the sun in the time of the Messenger of Allah (\*\*). The Messenger of Allah (\*\*) stood up and he was not going to perform bowing till he bowed; and he was not going to raise his head till he raised (after bowing); and he was not going to prostrate himself till he prostrated himself; and he was not going to raise his head till he raised (at the end of prostration); he did similarly in the second rak'ah, he then puffed in the last prostration saying; Fie, Fie! He then said: My Lord, didst Thou not promise me that Thou wouldst not punish them so long as I will remain among them? Didst Thou not promise me that Thou will not punish them so long as they continue to beg pardon of Thee. The Messenger of Allah (\*\*) finished the prayer, and the sun was clear. The narrator then narrated the tradition (in full).

## ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায় : সূর্য গ্রহণ, অনুঃ হাঃ ১৪৮১), তিরমিয়ী 'শামায়িলি মাহমুদিয়্যাহ' (৩০৭) সংক্ষেপে, আহমাদ (২/১৫৯, হাঃ ৬৪৮৩) শায়খ আহমাদ শাকির বলেনঃ এর সানাদ হাসান। ইবনু খুয়াইমাহ (হাঃ ১৩৮৯)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)
🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58512

\_\_\_\_

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন